রদ্দে গায়ের মুকাল্লিদিয়াত সিরিজ-১২

নাসীরুদ্দীন আলবানীকে নিয়ে আহলে হাদীসদের বাড়াবাড়ি

মুহাম্মাদ আব্দুল আলিম

নাসীরুদ্দীন আলবানীকে নিয়ে আহলে হাদীসদের বাড়াবাড়ি

মুহাম্মাদ আব্দুল আলিম

জিওগ্রাফী অনার্স, (ফার্স্ট ক্লাস), বি.এড., মহর্ষী দয়ানন্দ ইউনিভার্সিটি, রোহতাক, হরিয়ানা, এম.এ. বিদ্যাসাগর ইউনিভার্সিটি

আহনাফ ফাউন্ডেশন

ইলামবাজার, বীরভূম, পশ্চিমবঙ্গ, ভারত

NASIRUDDIN ALBANIKE NIYE AHLE HADISDER BARABARI

WRITTEN BY: MUHAMMAD ABDUL ALIM

প্রকাশনায়ঃ
আহনাফ ফাউন্ডেশন

প্রকাশক
হাফেজ মুহাম্মাদ ওবাইদুল্লাহ
ইলামবাজার, বাগোলবাটী, বীরভূম
মোবাইলঃ +৯১ ৯৭৩৪২০১০১২

উৎসর্গ
ফারহান আখতার আল নুমান এর উদ্দেশ্যে

প্রকাশকালঃ ১৫ ডিসেম্বর ২০১৫

মূল্য-৪০/- (চল্লিশ টাকা মাত্র)

বঙ্গবিখ্যাত মুহাদ্দিস রইসুল মুনাযিরিন

আল্লামা আজিজুল হক কাসেমী সাহেবের উদ্দেশ্যে

فهرست

ভুমিকা

সমস্ত প্রসংসা একমাত্র মহান আল্লাহ তাআলার জন্য যিনি সারা বিশ্বের অধিশ্বর, সকলের স্রষ্টা, প্রতিপালক এবং একমাত্র উপাস্য। তাঁর প্রিয় হাবীব তাজেদারে মদীনা, আহমাদ মুজতাবা, মুহাম্মাদ মুস্তাফা রাসুলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এঁর প্রতি কোটি কোটি দরুদ ও সালাম; যিনি রাহমাতুল্লিল আলামিন, সাইয়েদুল মুরসালিন, শাফিউল মুজনেবিন।

ভূমিকার শুরুতেই বলে রাখি যে আহলে হাদীসদের মতে ১৪ শতাব্দী হিজরীর একমাত্র রিজালশাস্ত্রবিদ নাসীরুদ্দীন আলবানীকে নিয়ে কিছু লেখার ইচ্ছা বহুদিন থেকে থাকলেও সময়ের অভাবে লেখা হয়নি। কিন্তু কিছুদিন আগে পশ্চিম বঙ্গের গায়ের মুকাল্লিদ আলেম আনওয়ারুল হক ফাইযী ‘হানাফী কেল্লা’র জবাব লিখতে গিয়ে আলবানী সম্পর্কে যে বাড়াবাড়িমূলক মন্তব্য করেছেন এবং মনসুর আলী নামে এক গায়ের মুকাল্লিদ ‘শরীয়াতে মুহাম্মাদী (সাঃ)’ নামক বইয়ে আলবানীকে নিয়ে যে সীমা লঙ্ঘন করেছেন তাতে বাধ্য হয়ে আলবানী সম্পর্কে লিখতে শুরু করি।

আমি আলবানী সম্পর্কে যা কিছুই জেনেছি এবং লা মাযহাবীদের আলবানী সম্পর্কে বাড়াবাড়িমূলক মন্তব্যে যা অনুধাবন করেছি তা হল বর্তমান যুগের লা মাযহাবীরা যে বলে তারা কোন মাযহাব মানে না এবং তারা কারো তাকলীদ করে না তা সম্পূর্ণ মিথ্যা কথা। বরং এই লা মাযহাবীরা চার মাযহাবের মুকাবিলায় পঞ্চম মাযহাব সৃষ্টি করেছে এবং এই মাযহাবের ইমাম নির্বাচিত হয়েছেন তথাকথিত আল্লামা নাসীরুদ্দীন আলবানী। আর এই মাযহাবকে ‘আলবানী মাযহাব’ বললেও অত্যুক্তি হবে না। কেননা হাদীসের ব্যাপারে কথায় কথায় এরা আলবানী সাহেবের হাওয়ালা না দিলে মানে না। সেজন্য হাদীসের কোন কিতাব কিনতে গেলে এরা আলবানী সাহেবের তাহকীক করা হাদীসগ্রন্থ কিনে থাকেন। এমনকি এই লা মাযহাবীদের সবচেয়ে বড় প্রচারক ডাঃ জাকির নায়েকও নাসীরুদ্দীন আলবানীর কট্টর মুকাল্লিদ। কেননা জাকির নায়েক Unity in the Muslim Ummah লেকচারে বলেছেন,

1) “Many of my talks are based on his research, Mashallah.”

অর্থাৎ “মাশাআল্লাহ আমার অনেক লেকচার শায়েখ নাসীরুদ্দীন আলবানীর গবেষণার উপর ভিত্তি করে তৈরী।”

2) "I am nothing compare to him, I am not even a drop in the ocean compare to Nasiruddin Albani."

অর্থাৎ "আমি তাঁর তুলনায় কিছুই নই। নাসীরুদ্দীন আলবানী সাগরতুল্য হলে আমি তার তুলনায় এক ফোঁটা পানির সমতুল্যও নই।"

3) See for example I am lay, what I say talk I do my research, but more knowledge in my head or my brain, which I haven't checked up, but yet I classify. For example, if I hear a statement from Shiekh Nasiruddin Albani, Mashallah, who has died recently, according to me he is one of great Muhaddis of the recent times, What he says, I follow on the face of it, because I chacked up, the scholar Mashallah following Quran and Sahih Hadith."

অর্থাৎ "উদাহারণস্বরুপ! আমি একজন সাধারণ মানুষ। আমি আমার লেকচারে যাক বলি, সেগুলো নিয়ে আমি গবেষণা করে থাকি। কিন্তু আমার মাথায় বা ব্রেনে আরও অনেক জ্ঞান রয়েছে, যেগুলো আমি অনুসন্ধান করতে পারি না। তবে আমি এর জন্য স্কলারদের শ্রেণীবিভাগ করেছি। উদাহারণস্বরুপ, যদি শায়েখ নাসীরুদ্দীন আলবানীর পক্ষ থেকে কোন বর্ণনা পাই, আমার মতে তিনি বর্তমান সময়ের একজন বিখ্যাত মুহাদ্দিস। তিনি যা বলেন, আমি সে অনুসারে চলি। কেননা আমি অনুসন্ধান করে দেখেছি, মাশাআল্লাহ! তিনি কুরআন ও সহীহ হাদীস অনুসরণ করেন।"

4) "So if someone gives the Fatwa, local person from here and Nasiruddin Albani, I believe Nasiruddin Albani, if I don't have time. But what I say in the lecture I check up, because I am responsible for that. But for my

own knowledge, if I have to make a opinion, I can't check up every Hadith, difficult! Difficult for a lay man."

অর্থাৎ "এখানকার কোন সাধারণ ব্যাক্তি যদি কোনো ফতোয়া প্রদান করে এবং শায়েখ নাসীরুদ্দীন আলবানী যদি কোন ফতোয়া প্রদান করে, তবে আমি শায়েখ নাসীরুদ্দীন আলবানীকে বিশ্বাস করব, যদি আমার নিকট যথেষ্ট সময় না থাকে কিন্তু আমার লেকচারে আমি যা বলি, সেগুলো আমি যাচাই করে থাকি। কেননা এর জন্য আমি দায়বদ্ধ। কিন্তু আমার নিজের জ্ঞানের জন্য যদি কোন বিষয়ে আমার কোন সিদ্ধান্ত নিতে হয়, তবে আমি সব হাদীস যাচাই করে দেখতে পারিনা। এটি অনেকি কঠিন! একজন সাধারণ মানুষের জন্য অনেক কঠিন।"

(তথ্যসূত্রঃ ইউনিটি ইন দ্য মুসলিম উম্মাহ http://qaazi.wordpress.com/2008/07/28/various-public-lectures-by-dr-zakir-naik/ ইউটিউবের এই লিঙ্কে বায়ানটি পাবেন http://www.youtube.com/watch?v=Szzn9lFg9n0)

এককথায় ডাঃ জাকির নায়েক থেকে শুরু করে সারা পৃথিবীর সমস্ত গায়ের মুকাল্লিদরা নাসীরুদ্দীন আলবানীর মুকাল্লিদ তাই আলবানী সাহেবের কয়েকটি অসার দিক তুলে ধরার জন্য এবং আলবানী যে মুসলিম উম্মাহর বিরুদ্ধে এক সুক্ষ্ণ ষড়যন্ত্র তা তুলে ধরার জন্যই আমার এই পুস্তক প্রণয়ন।

একথা আপনারা সকলেই জানেন যে ইহুদী ও নাসারা (খ্রীষ্টান) গোষ্ঠী ইসলামকে ধ্বংশ ও ইসলামের মধ্যে বিভেদ সৃষ্টি করার জন্য বিভিন্ন সময় বিভিন্ন ষড়যন্ত্র করেছে। সেজন্য তারা মির্যা গোলাম আহমদ কাদিয়ানীর মত মধ্যে কিছু দুবিয়াদার ডুপ্লিকেট (নকল) আলেম সৃষ্টি করেছিল এবং ব্রিটিশ যুগে ইংরেজদের বিরুদ্ধে জিহাদকে হারাম ফতোয়া দিয়েছিল। এই চক্রান্তকারী ইসলামের শত্রুরা কিছু আলেমকে কিনে নিজেদের স্বার্থে ব্যাবহার করলেও কোন মুজাহিদ গোষ্ঠীকে তারা কিনতে পারে নি। ফলে তারা 'আইএস' নামক ডুপ্লিকেট মুজাহিদ গোষ্ঠী সৃষ্টি করে নিজেদের স্বার্থ সিদ্ধি করার জন্য। মুসলমানদের সবচেয়ে প্রাণপ্রিয় জিনিস হল

কুরআন ও হাদীস। ইহুদী ও নাসারারা বুঝতে পারে যে এই কুরআন ও হাদীসের মধ্যে ভেজার সৃষ্টি করতে পারলেই মুসলিম উম্মাহকে পুরোপুরি আয়ত্ত্বে আনা সম্ভব হবে। তাই তারা কুরআন ও হাদীসের মধ্যে ভেজাল সৃষ্টি করার জন্য এই নাসীরুদ্দীন আলবানীকে সৃষ্টি করে। কিন্তু আল্লাহর মেহেরবানীতে এই ইহুদী জিয়নবাদীদের দোসর নাসীরুদ্দীন আলবানীর বিরুদ্ধে মুসলিম জগতের বিদগ্ধ উলামায়ে কিরামরা জাগ্রত হন এবং আলবানীর বিরুদ্ধে সোচ্চার হয়ে সৌদী আরব থেকে ৫০ এর অধিক গ্রন্থ লিপিবদ্ধ করে আলবানীর ষড়যন্ত্র ফাঁস করে দেন। পরে আলবানীর আরও গোপন রহস্য ফাঁস হয়ে গেলে তাঁর পিতার ধৈর্যের বাঁধ ভেঙ্গে যায় এবং তাঁকে ত্যাজ্যপুত্র হিসেবে ঘোষনা দিয়ে তিনি কোনোভাবে নাজাত লাভ করেন। আর জনগন আলবানীকে সিরিয়া থেকে বাহির করে। অতঃপর সে চেপে বসে সৌদী জনতার ঘাড়ে। এক পর্যায়ে তাদের ঘুম ভাঙ্গে। সবাই সোচ্চার হয় তাদের দীর্ঘকালের শায়খ আলবানীর বিরুদ্ধে। ১৯৯১ খৃস্টাব্দে সরকারী নির্দেশে শায়খ ২৪ ঘন্টার মধ্যে পবিত্র আরবভূমি ছেড়ে জর্ডান যেয়ে আত্মরক্ষা পায়। অমরণ তিনি সেখানেই ছিলেন।

পাঠকদের বলি মানুষ মাত্রেই ভুল হয়। তাই এই পুস্তকের মধ্যে যদি কোনো ভুল-ভ্রান্তি নজরে পড়ে আমাকে জানাবেন। তাহলে পরবর্তী সংস্করনে সংশোণ করার চেষ্টা করব ইনশাআল্লাহ।

পরিশেষে পাঠকদের জানাই, আপনারা দোয়া করবেন; আল্লাহ তাআলা যেন আমাদের ঈমান বৃদ্ধি করে দেন এবং খাতিমা বিল খায়ের দান করেন। (গ্রন্থাকার)

মুহাম্মাদ আব্দুল আলিম

শালজোড়, বীরভূম (পশ্চিমবঙ্গ, ভারত)

মোবাইলঃ +৯১ ৮৯২৬১৯৯৪১০

হুয়াটস এ্যাপঃ +৯১ ৯৬৩৫৪৫৮৩৩১

E-Mail :- md.abdulalim1988@gmail.com

নাসীরুদ্দীন আলবানীকে নিয়ে আনওয়ারুল হক ফাইযীর বাড়াবাড়ি

আহলে হাদীসদের নিকট ১৪ শতাব্দী হিজরীর অন্যতম রিজালবিদ হলেন তথাকথিত আল্লামা নাসীরুদ্দীন আলবানী । এই আলবানী সাহেব রফয়ে ইয়াদাইন না করার ব্যাপারে আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) এর হাদীসকে সহীহ বলেছেন। কিন্তু ফাইযী সাহেব আলবানীর এই তাহকীক মানতে রাজী হননি। যদিও ফাইযী সাহেব আলবানীকে নিয়ে বাড়াবাড়ি মন্তব্য করেছেন। আলবানীকে নিয়ে বাড়াবাড়ি করতে গিয়ে ফাইযী সাহেব লিখেছেন,

"হ্যাঁ! আল্লামা নাসীরুদ্দীন আলবানী ১৪ শতাব্দী হিজরীর অন্যতম রিজালবিদ ছিলেন। নূহ নাজাতী হানাফী আলেমের প্রিয় পুত্র ছিলেন। ইমাম আবু হানীফার উস্তাদ হাম্মাদ বিন আবী সুলাইমান হতে অদ্যবধি হানাফী বংশে তাঁর ন্যায় মুহাদ্দিস জন্মগ্রহণ করেন নি বলেই আমরা বিশ্বাস করি। কিন্তু তিনি একজন মানুষ ছিলেন। তাঁর দ্বারাও ভুল হওয়া স্বাভাবিক।" (হানাফী কেল্লার পোষ্ট মর্টেম, পৃষ্ঠা-১৮)

দেখুন আলবানীর মুকাল্লিদ আর কাকে বলে। আমরা ইমাম আবু হানীফার মুকাল্লিদ হওয়া সত্যেও তাঁর সম্পর্কে এত বাড়াবাড়ি মন্তব্য করি না। আমরা কখনোই ইমাম আবু হানীফা (রাঃ) সম্পর্কে বলি না যে তাঁর মত মুহাদ্দিস অন্য কোন বংশে জন্মগ্রহণ করেন নি । এবং বেরেলীরাও বলে না আজ পর্যন্ত মাওলানা আহমদ রেযা খানের মত মুহাদ্দিস অন্য কোন বংশে জন্মগ্রহণ করেন নি। বোঝা গেল হাদীস গবেষনায় লা মাযহাবীরা আলবানী সাহেবের ঘোর মুকাল্লিদ। এবং রেযাখানীদের থেকেও এই লা মাযহাবীরা অধিক বিদআতী।

এখন দেখা যাক আলবানী সাহেব কত বড় মুহাদ্দিস ছিলেন?

কে এই নাসীরুদ্দীন আলবানী?

১৪০০ শতাব্দীর একমাত্র রিজালশাস্ত্রবিদ আহলে হাদীসদের মহামান্য নাসীরুদ্দীন আলবানী (১৩৩২ হিজরী) ১৯১৪ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন এবং ৪ অক্টোবর ১৯৯৯ খ্রীষ্টাব্দে ৮৫

বছর বয়সে মারা যান। তিনি তারাবীহ সংক্রান্ত 'সালাতুত তারাবীহ' নামে একখানি পুস্তক রচনা করেন। সেই পুস্তকে আলবানী সাহেবের পরিচয় তুলে ধরা হয়েছে, "শায়খ আলবানী জামিয়া ইসলামিয়া মদীনা ইউনিভার্সিটীর সদর মুদার্রিস। তিনি বংশগতভাবে ইংরেজ ছিলেন। তাঁর পরিবার যখন ইসলাম ধর্ম গ্রহণ করেন তখন তাঁরা হানাফী মযহাব অবলম্বন করেন। তাঁকে আল্লাহ পাক ইলম ও কামাল দান করেছেন যে তিনি তাহকীক করে আহলে হাদীস হয়ে যান। শাম দেশে তিনি শিক্ষকতা শুরু করেন। তিনি হাদীসের জ্ঞান খাস করে আসমায়ে রিজাল শাস্ত্রে এক বিশেষ স্থান অর্জন করেন। আরব দেশে তাঁর ইলমী যোগ্যতা ও খ্যাতি ছড়িয়ে পড়ে যে হাদীসের দক্ষতায় তাঁর চেয়ে বেশী তাহকীক আর কেউ করে নি।" (ফতোয়ায়ে উলামায়ে হাদীস, তৃতীয় খন্ড, পৃষ্ঠা-১৭৬)

আলবানীর আসল রহস্য

এতে কোন সন্দেহ নেই যে জলের বুদবুদ যখন ফেনা তুলে উঠে তখন অনেক জায়গা যে গিরে নেয় কিন্তু যখন সে বিলুপ্ত হয় তখন তার আসল রহস্য ফাঁস হয়ে যায়। ঠিক সেই রকম এতেও কোন রকমের সন্দেহ নেই যে আলবানীর যখন উদয় হয় তখন অনেক মানুষ তাঁর প্রতি প্রভাবিত হয়ে পড়েন কিন্তু যখন মুহাদ্দিসে কবীর জইবুর রহমান আল আজমীর দুরবীন লাগিয়ে আলবানীর প্রতি দৃষ্টিপাত করা হয় তখন আলবানীর আসল রহস্য ফাঁস হয়ে গেল। মুহাদ্দিস জইবুর রহমান আল আজমী সাহেব কয়েক খন্ডে البانی وشذوذه নামক গ্রন্থ লিখে প্রকাশ করেন এবং সেই নও মুসলিম আলবানীর আসল রহস্য ফাঁস করে দেন। তারপর হাম্বলী মাযহাবের আর এক মুহাদ্দিস উঠে এলেন, তিনিও تناقضات الالبانی الواضحات (তানাকুযাত আলবানী ওয়াজেহাত) পুস্তক লিখে এই নও মুসলিম আলবানীর গোপন রহস্য দুনিয়ার সম্মুখে ফাঁস করে দেন। তিনি আলবানীর উসুলে হাদীসের পরস্পরবিরোধীতা, আসমায়ে রিজালের পরস্পর বিরোধীতা, হাদীসের মধ্যে সহীহ এবং জয়ীফ হওয়ার ব্যাপারে তাঁর পরস্পর বিরোধীতা, একত্রিত করে দেন। তারপর আলবানী সাহেব যখন ৮ রাকআত তারাবীহর নামায প্রমাণ করার জন্য 'সালাতুত তারাবীহ' লিখলেন এবং ২০ রাকআত তারাবীরর নামাযকে বিদআত বলে ১৪০০ শত বছরের আহলে সুন্নতকে বিদআতী বলে আখ্যায়িত করলেন তখন এই নও মুসলিম আলবানীকে আরব থেকে বিতাড়িত করা হয়। (তথ্যসূত্রঃ তজল্লিয়াতে সফদর) এরপর যখন গায়ের মুকাল্লিদরা এই

নও মুসলিম আলবানীকে নিয়ে আকাশ পাতাল এক করে দেন এবং তাঁকে নিয়ে মাথায় তুলে কুদোকুদি করতে শুরু করে দিল তখন মহাশয় আলবানী সাহেব মুসলমানদের প্রাণপ্রিয় হাদীসগ্রন্থ সিহাহ সিত্তাহর উপর হাত চালালেন। এই আলবানী মহাশয় সুনানে আরবাহকে প্রকাশ্যে দুই টুকরো করে দিলেন। যেমন, সহীহ আবু দাউদ জয়ীফ আবু দাউদ, সহীহ নাসায়ী ও জয়ীফ নাসাই, সহীহ তিরমিযী ও জয়ীফ তিরমিযী, সহীহ ইবনে মাজাহ ও জয়ীফ ইবনে মাজাহ। ঠিক সেই রকম সহীহ মুসলিম শরীফের উপরেও তিনি হামলা চালান। যখন সিহাহ সিত্তাহ হাদীসের এই অবস্থা আলবানী সাহেব করে ফেললেন তখন বাকি হাদীসের কিতাবের আর কি মহত্ব রয়ে গেল? আর এই কাজ ইংরেজদের ঔরশজাত সন্তান নও মুসলিম নাসীরুদ্দীন আলবানীর মতো গায়ের মুকাল্লিদ লা মাযহাবী ছাড়া আর কে করতে পারে?

আর এই আলবানীই নাকি ফাইযী সাহেবের নিকট ১৪ শতাব্দী হিজরীর অন্যতম সেরা রিজালবিদ এবং তাঁর মত নাকি বড় মুহাদ্দিস ইমাম আবু হানীফা (রহঃ) এর উস্তাদ হাম্মাদ বিন আবী সুলাইমান থেকে আজ পর্যন্ত হানাফী বংশে জন্মগ্রহণ করেন নি। আস্তাগফিরুল্লাহ। সুম্মা আস্তাগফিরুল্লাহ। আলবানীর গোঁয়ার মুকাল্লিদ আর কাকে বলে?

আলবানীর একটি কুকর্ম

যদিও বর্তমানে কিছু উদারমনা গায়ের মুকাল্লিদ ফিরকার লোক বলেন যে তারাবীহর নামায ২০ রাকাআত পড়া জায়েজ। এর মধ্যে ৮ রাকাআত সুন্নত হবে এবং ১২ রাকআত নফল বলে গন্য হবে। কিন্তু এই কথা আলবানী সাহেব মানতে রাজী নন। তিনি বলেন যে তারাবীহর নামাজ ১১ রাকাআতের বেশী পড়া জায়েজ নইয়। তবে ১১ রাকাআতের থেকে কম পড়া জায়েজ। আলবানী মনে করেন ১ রাকাআত তারাবীহর নামাজও সুন্নত দ্বারা প্রমানিত যার উপর সলফ সালেহীনদের আমল আছে। (সালাতুত তারাবীহ, পৃষ্ঠা-১০৮) আলবানী সাহেব এও মনে করেন তারাবীহর, তাহাজ্জুদ ও বেতের একটাই নামাজ। যদি ১ রাকাআত নামাজ পড়া হয় তাহলে তারাবীহও আদায় হয়ে গেল। (সালাতুত তারাবীহ, পৃষ্ঠা-৮৬) কিন্তু এর উপর আলবানী সাহেব কোন প্রমাণ পেশ করতে পারেন নি যে আল্লাহ বা আল্লাহর রসুল (সাঃ) একথা বলেছেন যে তারাবীহ, তাহাজ্জুদ ও বিতের একটাই নামাজ এবং ১ রাকাআত পড়লে তিনটি নামাজই আদায়

হয়ে যাবে। যদিও সমস্ত মুহাদ্দিসরা একমত যে তারাবীহর, তাহাজ্জুদ ও বিতের আলাদা আলাদা নামাজ।

একটু লক্ষ্য করলে দেখা যায় কিছুদিন আগে আহলে হাদীসরা তারাবীহর, তাহাজ্জুদকে আলাদা আলাদা নামাজ বলে মনে করতেন। যেমন আহলে হাদীসদের মহামান্য আল্লামা ওয়াহীদুজ্জামান হায়দ্রাবাদী, ইমাম শাওকানী, মাওলানা সানাউল্লাহ আমৃতসরী, মিঁয়া নাযীর হুসাইন দেহলবী প্রভৃতিরা তারাবীহ ও তাহাজ্জুদের নামাজকে আলাদা আলাদা বলে মনে করতেন। এরপর আহলে হাদীসরা তারাবীহ ও তাহাজ্জুদের নামাজকে একই নামাজের দুটি নাম বলে মনে করেন। তাঁরা বলেন, তারাবীহর নামাজ পড়লেই তাহাজ্জুদও আদায় হয়ে যাবে। কিন্তু আলবানী সাহেব সবাইকে টেক্কা মেরে বলে দিলেন ১ রাকাআত নামাজ পড়লেই তারাবীহ, তাহাজ্জুদ ও বিতের সব আদায় হয়ে যাবে। আর্থাৎ আল্লাহর ইবাদতে যে যত কমতি করতে পারবে সে তত বড় আহলে হাদীস। ইবাদত থেকে বঞ্চিত করার এবং আল্লাহর ইবাদতের প্রতি বিতৃষ্ণা জন্মানোর বর্তমান নাম হল আহলে হাদীস। এখন আলবানী বলছে ১ রাকাআত নামাজ পড়লে তারাবীহ, তাহাজ্জুদ ও বেতের সব আদায় হয়ে যাবে কিছুদিন পর দ্বিতীয় কোন আলবানীর উদয় হবে এবং সে বলবে, দু'রাকাআত ফজরের নামাজ পড়লে জোহর, আসর, মাগবীব, এশা, তারাবীহ, তাহাজ্জুদ, বেতের, আইয়োবীন, চাশত, এশরাক সব নামাজ আদায় হয়ে যাবে। এরপর হয়তো তৃতীয় কোন আলবানীর উদয় হবে এবং সে বলবে , বছরে একবার ইদের নামাজ পড়লে সারা বছরের নামাজ আদায় হয়ে যাবে। সত্যই আহলে হাদীসদের রহস্য বোঝা ভার। লক্ষ্য করলে দেখা যায় শিয়া সম্প্রদায়ের কাছে তারাবীহর নামাজ বলে কোন নামাজ নেই। আপরদিকে ছোট শিয়া (রাফেযী) আর্থাৎ আহলে হাদীসরাও তারাবীহ, তাহাজ্জুদ ও বেতের নামাজকে এক বলে তারাবীহর আস্তিত্বকে আস্বীকার করে বসল। এখন আমি আহলে হাদীসদের বলি, ভায়েরা আপনারা ১ রাকাআতের ঘোমটাটা কেন মুখে দিয়ে বসে আছেন ? সেটাকে ছিঁড়ে ফেলুন এবং বলুন, "আমরা শিয়া।" আহলে হাদীসদের বিখ্যাত আলেম আল্লামা ওয়াহীদুজ্জামান হায়দ্রাবাদী তো লিখেই দিয়েছেন, "আমরা আহলে হাদীসরা আলী ভক্ত শিয়া।" (নজুলুল আবরার, পৃষ্ঠা-৭)

মুহাদ্দিসদের প্রতি আলবানীর বেয়াদবী

ইমাম বুখারী (রহঃ)কে অমুসলিম বলেছেন আলবানীঃ

আনওয়ার ফাইযীর দৃষ্টিতে ইমাম আবু হানীফার উস্তাদ হাম্মাদ বিন আবী সুলাইমান থেকে শুরু করে সমস্ত হানাফীদের থেকে বড় মুহাদ্দিস নাসীরুদ্দীন আলবানী ইমাম বুখারী (রহঃ) কে সরাসরি অমুসলিম বলে ঘোষনা করেছেন।

আসলে ইমাম বুখারী (রহঃ) তাঁর স্বীয় গ্রন্থ বুখারী শরীফে আল কুরআনের সুরা ক্বাসাসের ৮৮ নং আয়াত "আল্লাহর চেহরা ব্যাতিত সব কিছু ধ্বংস হয়ে যাবে" এর ব্যাখ্যায় আল্লাহর চেহরা বলতে আল্লাহর রাজত্ব বুঝিয়েছেন। তিনি আল কুরআনের উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেছেন, আল্লাহর রাজত্ব ব্যাতিত সব কিছু ধ্বংস হয়ে যাবে।

আলবানী কিন্তু ইমাম বুখারী (রহঃ) এর এই ব্যাখ্যা মানতে রাজী তো ননই বরং সরাসরি তিনি ইমাম বুখারী (রহঃ) কে হামলা করে বলেন, "হে আমার ভাই, এটি কোন মুমিন মুসলমানের কথা হতে পারে না।"

আলবানীর দাবী হল, "হুবহু তা'তিলের পর্যায়ভূক্ত ব্যাখ্যাটি বুখারী শরীফে নেই।" কিন্তু বাস্তব কথা হল, বুখারী শরীফের সব নুসখায় উক্ত ব্যাখ্যাটি মওজুদ আছে। এমনকি ইসলামিক ফাউন্ডেশন থেকে বুখারী শরীফের যে অনুবাদ প্রকাশ করা হয় তাতেও উক্ত ব্যাখ্যাটি রয়েছে। লক্ষ্য করুন,

সূরা কাসাস

يَقَالُ الأَ وَجْهَهُ الاَّ مُلْكَهُ ، وَيُقَالُ الاَّ مَا اُرِيْدَ بِهٖ وَجْهُ اللّٰهِ وَقَالَ مُجَاهِدٌ فَعَمِيَتْ عَلَيْهِمُ الاَنْبَاءُ الْحُجَجُ

বলা হয়, الاَّ وَجْهَهُ। তাঁর রাজত্ব ব্যতীত এবং এ-ও বলা হয়, যে কার্যাবলী দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন উদ্দেশ্য, তা ব্যতীত (সবই ধ্বংস হবে)। মুজাহিদ (র) বলেন, الاَنْبَاءُ। অর্থ প্রমাণাদি।

নিচে স্ক্রীন শর্ট দেখুনঃ

বুখারী শরীফ

الْخَبْأَ যা তুমি গোপন কর। لاَ قِبَلَ لَهُمْ তাদের কোন শক্তি নেই। اَلصَّرْحُ কাচ মিশ্রিত গারা[১] এবং صَرْحٌ প্রাসাদকেও বলা হয়। এর বহুবচন صُرُوْحٌ ইব্‌ন আব্বাস (রা) বলেন, وَلَهَا عَرْشٌ عَظِيْمٌ তার সিংহাসন অতি সম্মানিত, শিল্প কর্মে উত্তম এবং বহু মূল্য। مِنْ مُسْلِمِيْنَ অনুগত হয়ে। رَدِفَ নিকটবর্তী হয়েছে। جَامِدَةٌ স্থির। اَوْزِعْنِيْ আমাকে করে দাও। মুজাহিদ (র) বলেন, نَكِّرُوْا পরিবর্তন করে দাও। وَاُوْتِيْنَا الْعِلْمَ (আমাদের জ্ঞান দেয়া হয়েছে) একথা সুলায়মান (আ) বলেন। وَالصَّرْحُ পানির একটি হাউস। সুলায়মান (আ) সেটি কাচ দ্বারা আবৃত করে দিয়েছিলেন।

سُوْرَةُ الْقَصَصِ

সূরা কাসাস

يَقَالُ الأَ وَجْهَهُ الاَّ مُلْكَهُ ، وَيُقَالُ الاَّ مَا اُرِيْدَ بِهٖ وَجْهُ اللّٰهِ وَقَالَ مُجَاهِدٌ فَعَمِيَتْ عَلَيْهِمُ الاَنْبَاءُ الْحُجَجُ

বলা হয়, الاَّ وَجْهَهُ। তাঁর রাজত্ব ব্যতীত এবং এ-ও বলা হয়, যে কার্যাবলী দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন উদ্দেশ্য, তা ব্যতীত (সবই ধ্বংস হবে)। মুজাহিদ (র) বলেন, الاَنْبَاءُ। অর্থ প্রমাণাদি।

بَابٌ قَوْلُهُ اِنَّكَ لاَ تَهْدِيْ مَنْ اَحْبَبْتَ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِيْ مَنْ يَّشَاءُ

অনুচ্ছেদ ঃ আল্লাহ্ তা'আলার বাণী ঃ "তুমি যাকে ভালবাস ইচ্ছা করলেই তাকে সৎপথে আনতে পারবে না, তবে আল্লাহ্ যাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন।"

٤٤١٠. حَدَّثَنَا اَبُو الْيَمَانِ قَالَ اَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ اَخْبَرَنِيْ سَعِيْدُ بْنُ الْمُسَيَّبِ عَنْ اَبِيْهِ قَالَ لَمَّا حَضَرَتْ اَبَا طَالِبٍ الْوَفَاةُ جَاءَهُ رَسُوْلُ اللّٰهِ ﷺ فَوَجَدَ عِنْدَهُ اَبَا جَهْلٍ وَعَبْدَ اللّٰهِ بْنَ اَبِيْ اُمَيَّةَ بْنِ الْمُغِيْرَةِ فَقَالَ اَيْ عَمِّ قُلْ لاَ اِلٰهَ اِلاَّ اللّٰهُ كَلِمَةً اُحَاجُّ لَكَ بِهَا عِنْدَ اللّٰهِ فَقَالَ اَبُوْ جَهْلٍ وَعَبْدُ اللّٰهِ بْنُ اَبِيْ اُمَيَّةَ اَتَرْغَبُ عَنْ مِلَّةِ عَبْدِ

১. অট্টালিকার ইট-পাথরের গাঁথুনি ও প্রয়োজনীয় উপাদান।

(ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বুখারী শরীফের বঙ্গানুবাদ , খন্ড-৮, পৃষ্ঠা-১৩০, তফসীর অধ্যায়, সুরা ক্কাসাস এর তফসীর)

ইমাম বুখারী (রহঃ) ছাড়াও অনেকেই হুবহু ইমাম বুখারীর মত উক্ত আয়াতের ব্যাখ্যা করেছেন, তাঁদের মধ্যে হলেন,

১) আল্লামা ইবনে তাইমিয়া (রহঃ) । (দেখুন, বায়ানু তালবিসিল জাহামিয়া, খন্ড-১, পৃষ্ঠা-৫৮১, মাজমুউল ফাতাওয়া, খন্ড-২, পৃষ্ঠা-৪২৮)
২) আল্লামা ইবনে কাইয়্যিম (রহঃ)। (দেখুন হাদীল আরওয়াহ, খন্ড-১, পৃষ্ঠা-৯৬)
৩) ইমাম মারওয়াদী (রহঃ)। (দেখুন আন নুকাতু ওয়াল উয়ূন তথা তফসীরে মারওয়াদী, পৃষ্ঠা-২৭৩)
৪) ইমাম বাগাবী (রহঃ)। (দেখুন তফসীরে বাগাবী, খন্ড-৬, পৃষ্ঠা-২২৮)
৫) ইমাম আবু লাইস সমরকন্দী (রহঃ)। (দেখুন তফসীরে সমরকন্দী)
৬) ইমাম সা'লাবী (রহঃ)। (দেখুন তফসীরে সালাবী, খন্ড-৭, পৃষ্ঠা-২৬৭)

সালাফী শায়েখরাও উক্ত আয়াতের ব্যাখ্যা ইমাম বুখারী (রহঃ) এর মত করেছেন। তাঁরা হলেন,

৭) সাইদ বিন নাসের আল গামিদী। (দেখুন আর রাদ্দুল আলা মুনকিরি সিফাতাইল ওয়াজহি ওয়াল ইয়াদ, পৃষ্ঠা-৭০)

৮) শায়খ আবু উমর সুলাইমান আল আশকার। (দেখুন আল জান্নাতু ওয়ান নার, পৃষ্ঠা-১৭০)

৯) সালাফীদের বিখ্যাত শায়খ আব্দুল্লাহ বিন মুহাম্মাদ আল গুনাইমান (শরহু কিতাবিত তাউহীদ মিন সহিহিল বুখারী)

তাহলে দেখুন নাসীরুদ্দীন আলবানী সাহেব কিরকম ইমাম বুখারী (রহঃ) সহ আহলে সুন্নত ওয়াল জামাআত ও নিজেদের সালাফী আলেমদেরকেও স্পষ্ট ভাষায় অমুসলিম বলে গণ্য করেছেন। এই হল নাসীরুদ্দীন আলবানী।

(বিস্তারিত জানতে পড়ুন 'তা'তিলের ব্যাপারে সালাফীদের বাড়াবাড়ি', লেখক-মুফতী ইজহারুল ইসলাম আল কাউসারী)

আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহঃ) এর প্রতি আলবানীর অভিশাপঃ

শায়খ আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ (১৩৩৬/১৯১৭-১৪১৭/১৯৯৭) এক অন্যতম যুগশ্রেষ্ঠ আলেম ছিলেন । তিনি মুহাম্মাদ বিন সাউদ ইসলামিক ইউনিভার্সিটি এবং কিং সাউদ ইউনিভার্সিটিতে দীর্ঘ ২৫ বছর শিক্ষকতা করেন। তিনি ১৯৭৬ সালে সুদানের *Um Durman Islamic University* এবং ১৯৭৮ সালে ইয়ামেনের সানআ ইউনিভার্সিটিতে ভিজিটিং প্রফেসার ছিলেন। তাঁর জীবদ্দশাতেই ৬৫ খানা গ্রন্থ প্রকাশিত হয়। এই শায়খ আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহঃ) এর প্রতি নাসীরুদ্দীন আলবানী সাহেব লিখেছেন,

أشل الله يدك وقطع لسانك –يدعو على العلامة الشيخ عبد الفتاح أبي غدة–. ويقول عنه: إنه غدة كغدة البعير

ثم يقول مستهزئا ضاحكا: أتعرفون غدة

অর্থাৎ "আল্লাহ তায়ালা তোমার হাত অবশ করে দিক এবং তোমার জিহ্বাকে কর্তন করুক।"

আলবানী আরও বলেন, "সে (শায়খ আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ) হল উটের প্লেগ রোগের মত একটা মহামারী (গুদ্দাতুল বাযীর) । অতপর তিনি হাসতে হাসতে বলেন, "তোমরা কি জান উটের প্লেগ কি?" (কাশফুন নিকাব, পৃষ্ঠা-৫২)

(كشف النقاب عما في كتاب أبي غدة من الأباطيل والإفتراءات 52)

ডাঃ ইউসুফ আল কারযাবী সম্পর্কে আলবানী সাহেবের বেয়াদবীঃ

আলবানী সাহেব ডাঃ ইউসুফ আল কারযাবী সম্পর্কে বলেছেন,

اصرف نظرك عن القرضاوي واقرضه قرضا

অর্থাৎ "তুমি ইউসুফ কারযাবী থেকে তোমার দৃষ্টি ফিরিয়ে রাখো এবং তাঁর সঙ্গে তোমার সম্পর্ক ছিন্ন করো।"

তিনি ডাঃ ইউসুফ আল কারযাবী সম্পর্কে আরও বলেছেন,

إن يوسف القرضاوي يفتي الناس بفتاوى مخالفة للشريعة و لهُ فلسفة خطيرة

অর্থাৎ "ইউসুফ আল কারযাবী শরীয়াত বিরোধী ফতোয়া প্রদান করে, তার কাছে রয়েছে ভয়ঙ্কর সব দর্শন।"

(http://www.youtube.com/watch?v=yRpKoWWUECU&feature=player_embedded)

শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া সম্পর্কে আলবানীর বেয়াদবীঃ

হাদীসুল গদীর সম্পর্কে আলোচনা করতে গিয়ে আলবানী সাহেব ইবনে তাইমিয়া সম্পর্কে বলেছেন,

إنني رأيت شيخ الإسلام ابن تيمية ، قد ضعف الشطر الأول من الحديث ، وأما الشطر الآخر ، فزعم أنه كذب! وهذا من مبالغاته الناتجة في تقديري من تسرعه في تضعيف الأحاديث قبل أن يجمع طرقها ويدقق النظر فيها.والله المستعان

অর্থাৎ "আমি শায়খ ইবনে তাইমিয়াকে দেখেছি, তিনি হাদীসের প্রথম অংশকে দুর্বল বলেছেন এবং হাদীসের শেষ অংশকে তিনি মিথ্যা বলেছেন। আমার ধারণামতে 'হাদীসকে জয়ীফ বলার ক্ষেত্রে এটি ইবনে তাইমিয়া (রহঃ) এর বাড়াবাড়ি, যা তাঁকে হাদীসটি জয়ীফ বলতে উদ্বুদ্ধ করেছে; অথচ তিনি হাদীস বর্ণনার বিভিন্ন পরম্পরা খতিয়ে দেখেন নি। এবং এ ব্যাপারে গভীর দৃষ্টিপাত করেন নি।" (সিলসিলাতুস সহীহা, খণ্ড-৪, পৃষ্ঠা-৩৪৩-৩৪৪, হাদীস নং-১৭৫০)

আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (রহঃ) সম্পর্কে আলবানীর বেয়াদবীঃ

আল্লামা জালালুদ্দন সুয়ুতী (রহঃ) সম্পর্কে আলবানী লিখেছেন,

فيا عجباً للسيوطي كيف لم يخجل من تسويد كتابهِ الجامع الصغير بهذا الحديث

অর্থাৎ “কী আশ্চর্য্য! জালালুদ্দীন সুয়ুতী তাঁর জামে সাগীরে কিভাবে এ হাদীস উল্লেখ করতে একটু লজ্জাবোধ করলেন না।” (সিলসিলাতুজ জয়ীফা, খন্ড-৩, পৃষ্ঠা-৪৭৯)

তিনি জালালুদ্দীন সুয়ুতী সম্পর্কে আরও লিখেছেন,

وجعجع حولهُ السيوطي

অর্থাৎ “জালালুদ্দীন সুয়ুতী হাঁক-ডাক ছেড়ে থাকেন।” (সিলসিলাতুজ জয়ীফা, খন্ড-৪, পৃষ্ঠা-১৮৯)

ইমাম হাকেম, ইমাম যাহাবী এবং ইমাম মুনযিরী (রহঃ) সম্পর্কে আলবানীর বেয়াদবীঃ

নাসীরুদ্দীন আলবানীর দৃষ্টিতে একটা হাদীস সহীহ নয়, অথচ অন্যান্য মুহাদ্দিস তাকে সহীহ বলায় তিনি হাদীসের বিখ্যাত তিন মুহাদ্দিস ইমাম হাকিম, ইমাম যাহাবী, ইমাম মুনযিরী (রহঃ) সম্পর্কে বলেছেন,

وقال الحاكم : " صحيح الاسناد " ! ووافقه الذهبي ! وأقره المنذري في " الترغيب " (3 / 166) ! وكل ذلك من إهمال التحقيق ، والاستسلام للتقليد ، وإلا فكيف يمكن للمحقق أن يصحح مثل هذا ا لاسناد

“অর্থাৎ “হাকিম বলেছেন হাদীসটির সনদ সহীহ। ইমাম যাহাবী তাঁর সাথে একাত্মতা ঘোষনা করেছেন। ইমাম মুনযিরী ‘তারগীব ও তারহীব” নামক কিতাবে তার স্বীকৃতি দিয়েছেন। আর এটি হয়েছে, তত্ত্ব বিশেষনের প্রতি উদাসীনতা, তাকলীদের প্রতি আত্মসমর্পন (অন্ধানুকরণ), নতুবা একজন বিশেষনধর্মী আলেম কিভাবে একে সহীহ বলতে পারেন।” (সিলসিলাতুজ জয়ীফা, খন্ড-৩, পৃষ্ঠা-৪১৬)

হাফেয তাজুদ্দীন সুবকী (রহঃ) সম্পর্কে আলবানীর বেয়াদবীঃ

হাফেয তাজুদ্দীন সুবকী সম্পর্কে আলবানী বলেছেন,

ولكنه دافع عنه بوازع من التعصب المذهبي ، لا فائدة كبرى من نقل كلامه وبيان ما فيه من التعصب.

অর্থাৎ “মাযহাব অনুসরণের গোঁড়ামি তাঁকে প্ররোচিত করেছে। তাঁর কথা উল্লেখ করে এবং তাঁর গোঁড়ামির কথা আলোচনা করে তেমন উল্লেখযোগ্য কোন উপকারিতা নেই।” (সিলসিলাতুজ জয়ীফা, খন্ড-২, পৃষ্ঠা-২৮৫)

তাহলে দেখুন আলবানী এতটাই বেয়াদব যে আহলে সুন্নত ওয়াল জামাআতের প্রখ্যাত মুহাদ্দিসদেরকে কটুক্তি করতে ছাড়েন নি। সেজন্য বিশ্ববিখ্যাত আলেম হাবীবুর রহমান আজমী (রহঃ) আলবানী সম্পর্কে বলেছেন,

الشيخ ناصر الدين الالباني شديد الولوع بتخطئة الحذاق من كبار علماء الاسلام ولا يحابي في ذلك أحدا كائنا من كان ، فتراه يوهم البخاري ومسلما ، ومن دونهما ، ويغلط ابن عبد البر وابن حزم والذهبي وابن حجر والصنعاني ، ويكثر من ذلك حتى يظن الجهلة والسذج من العلماء ان الالباني نبغ في هذا العصرنبوغا يندر مثله

অর্থাৎ “শায়খ নাসীরুদ্দীন আলবানী পৃথিবীর বিখ্যাত গভীর পান্ডিত্যের অধিকারী আলেমদের ভূল ধরার ব্যাপারে চরম বেপরোয়া। এ পথে তিনি কাউকেই মুক্তি দেননি। আপনি দেখবেন! সে ইমাম বুখারী (রহঃ), ইমাম মুসলিমসহ অপরাপর ইমামদের ব্যাপারে বিরুপ মন্তব্য করে। তিনি যুগশ্রেষ্ঠ আলেম ইবনে আব্দুল বার (রহঃ), ইবনে হাযাম (রহঃ), ইমাম যাহাবী (রহঃ), ইবনে হাজার আসকালানী (রহঃ), ইমাম সানআনী (রহঃ) সহ আরও অনেককে ভূল সাব্যস্ত করার চেষ্টা করেছেন। অথচ অনেক অজ্ঞ এবং সাধারণ আলেম তাঁকে বর্তমান যুগের বিরল ব্যাক্তিত্ব মনে করে থাকেন।” (আল আলবানী শুযুযুহু ও আখতাউহু, খন্ড-১, পৃষ্ঠা-৯)

বর্তমান বিশ্বে যে সমস্ত আলেম আলবানীর ভ্রান্ত মতবাদের বিরুদ্ধে কিতাব লিখেছেন তাদের কয়েকজনের নাম নিচে উল্লেখ করা হল,

১) শায়খ হাবীবুর রহমান আল আজমী (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

الألباني شذوذه وأخطاؤه

২) উত্তর আফ্রিকার মুহাদ্দিস আব্দুল্লাহ আল গুমারী (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

القول المقنع في الرد على الألباني المبتدع

৩) শায়েখ আব্দুল আজীজ গুমারী (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

"بيان نكث الناكث المقعدي بتضعيف الحارث"

৪) শায়েখ মুহাম্মাদ বিন আহমাদ আল খাজরাযী। তাঁর কিতাবের নাম হল,

الألباني تطرفاته

৫) উস্তাদ বদরুদ্দীন হাসান দিয়াব দামেশকী। তাঁর কিতাবের নাম হল,

"أنوار المصابيح على ظلمات الألباني في صلاة التراويح"

৬) শামের বিখ্যাত মুহাদ্দিস আব্দুল্লাহ আল হারারী। তাঁর কিতাবের নাম হল,

التعقب الحثيث على من طعن فيما صح من الحديث

৭) শায়েখ আব্দুল্লাহ বিন বায (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

أينَ يضع المصلي يده في الصلاة بعد الرفع من الركوع

৮) শায়খ ইসমাল বিন মুহাম্মাদ আনসারী (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

تصحيحُ حديث صلاة التراويح عشرين ركعة والرّد على الألباني في تضعيفه

৯) শায়খ আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহঃ)। তাঁর কিতাবের নাম হল,

كلماتٌ في كشف أباطيل وافتراءات

১০) শায়েখ হাসান বিন আলী আস সাক্কাফ। তাঁর কিতাবের নাম হল,

قاموس شتائم الألباني وألفاظه المنكرة في حق علماء الأمة وفضلائها وغيرهم

১১) শায়েখ হাসান বিন আলী আস সাক্কাফ। তাঁর কিতাবের নাম হল,

البشارةُ والإتحاف فيما بين ابن تيمية والألباني في العقيدة من الاختلاف

১২) ডক্টর মুহাম্ম্দ সাঈদ রামাদান আল বুয়াইতী

اللا مذهبية اخطر

এখানে মাত্র কয়েকটি কিতাবের নাম উল্লেখ করা হল। আলবানীর ভ্রান্ত মতবাদ সম্পর্কে যুগশ্রেষ্ঠ অধিকাংশ আলেম স্বতন্ত্র কিতাব রচনা করেছেন। "সাবাতু মুয়াল্লাফাতিল আলবানী" এর লেখক এ ধরণের ৫৭টি কিতাবের নাম উল্লেখ করেছেন। এই সমস্ত কিতাবে আলবানীর ভ্রান্ত মতবাদ সম্পর্কে আলোচনা করা হয়েছে।

বিখ্যাত সালাফী আলেমরাও আলবানীর মতবাদের বিরুদ্ধে কিতাব লিখেছেন। তাঁদের কয়েকজনের নাম নিচে উল্লেখ করা হল,

১) শায়েখ আব্দুল্লাহ বিন বায।
২) শায়েখ হামুদ বিন আব্দুল্লাহ।
৩) ডঃ আবু বকর বিন আব্দুল্লাহ আবু যায়েদ।
৪) শায়েখ আব্দুল্লাহ বিন মুহাম্মাদ আদ দাবীশ।
৫) সফর বিন আব্দুর রহমান।
৬) মুহাদ্দিস আব্দুল্লাহ বিন আব্দুর রহমান সা'আদ।
৭) শায়েখ আব্দুল্লাহ বিন মা'নে আল উতাইবী।
৮) শায়খ ফাহাদ বিন আব্দুল্লাহ আস সুনাইদ।
৯) আবু আব্দুল্লাহ মুস্তাফা আল আদাবী।
১০) শায়খ আতিয়্যা মুহাম্মদ সালিম।

জামিয়াতুল ইমাম মুহাম্মাদ বিন সাউদ এর দাওয়া বিভাগের প্রধান ডাঃ আব্দুল আযীয আল আসকার নাসীরুদ্দীন আলবানী সম্পর্কে লিখেছেন,

الألباني واتباعه ليسوا سلفية

অর্থাৎ "আলবানী এবং তাঁর অনুসারীরা মূলতঃ সালাফী নয়।" (জারিয়াতু উকায, মাজালুর রায়, http://www.soufia.org/alalbany_askar.html)

অর্থাৎ এরা সালাফী হওয়ার দাবী করে কিন্তু বাস্তবে এরা সালাফী নয়।

আলবানী সম্পর্কে আরও কিছু চমৎকার তথ্য

আরব বিশ্বে ও বর্তমান দুনিয়ার কথিত আহলে হাদীস মতবাদ বিস্তারের রূপকার শায়খ নাছিরুদ্দিন আলবানী মৃত-১৯৯৯ ইং। রাসূল (সা.) এর অসংখ্য হাদীসকে বিব্রত করার মূল নায়ক তিনি। তিনিই সহীহ হাদীসকে যয়ীফ আর যয়ীফ হাদীসকে সহীহ বলে বিভ্রান্ত করার মূলমন্ত্র শিখিয়েছেন। এবং চির মীমাংসিত বিষয়ে উস্কানীমূলক বক্তব্য তিনিই সূচনা করেছেন। শিক্ষা দিয়েছেন আকাবিরগণের প্রতি বেয়াদবীমূলক আচরণ। হানাফীমাযহাবের দলীল সরূপ কোনো হাদীস পেলেই মনগড়া উক্তি। আসলে এসব বিষয়ের মূল হলো কারো নিকট তিনি পড়ালেখা করেন নি নিজে নিজেই পড়ে পড়ে কিছু কিতাব রচনা করেছেন। মদীনা ইউনিভার্সিটির উস্তাদ ডা. আনিস তাহের ইন্দোনেশী দুই সপ্তাহ ব্যাপি তার জীবনী নিয়ে আলোচনা করেন কিন্তু এতেও তিনি শায়খ আলবানির শিক্ষা ডিগ্রি বিষয়ক কিছুই বলতে পারেন নি। শুধু হালব এর এক ব্যক্তি থেকে হাদীসের অনুমতি পান এতটুকুই বলেছেন। এবং তিনি বলেন, তার ব্যক্তিগত অধ্যায়ন এর কারনেই পথভ্রষ্ট হয়। আরবরেব প্রখ্যাত মুহাদ্দিস, অসংখ্য গ্রন্থের নির্ভরযোগ্য গবেষক আল্লামা শায়খ মুহাম্মদ আওয়ামা তার রচিত ''আসারুল হাদীস'' নামক কিতাবের ৫১ নং পৃষ্ঠায় লিখেন-

এছাড়া এই ব্যক্তির তো কোন শিক্ষক নেই। সিরিয়ার হালবের জনৈক ব্যক্তি তাকে হাদীস চর্চার মাত্র অনুমতি দিয়েছেন। তবে তার কাছেও আলবানী নিয়মিতভাবে পড়া লেখা করেননি। আর আমরা তার জীবনী গ্রন্থে যা পেয়েছি, তারই লিখিত বই 'সিফাতুসসালাত' এবং 'সালাতুত তারাবীহ' গ্রন্থ দু'টির অনুবাদক আলবানীর জীবনীতে লিখেন, তিনি তার পিতার পেশা, ঘড়ি মেরামতের কাজে নিয়োজিত ছিলেন। অতএব কোন মাদ্রাসায় ভর্তি হয়ে পড়ালেখা করার তার সুযোগ কোথায়? এ জন্যই তার রচিত কিতাবগুলোর মাঝে রয়েছে প্রচন্ড ভুল। আর ব্যক্তিগত মতামতের গরম বাজার। তাই সারা বিশ্বব্যাপি সচেতন ওলামায়ে কেরামগন মেতে উঠেছে তার এসব ভুলগুলোকে কিতাবের মাধ্যমে লিখে- যেমন বিশ্ব বরেণ্য মুহাদ্দিস মাও. হাবীবুর রহমান আ'যমী (রহ.) তার গ্রন্থ الألباني شذوذه وأخطاؤه (শায়খ আলবানীর ভুলভ্রান্তি ও বিচিত্র মতবাদের দাস্তান) এর ভুমিকায় লিখেন-

“আল্লাহর কসম! সেই আলবানী হাদীস সম্পর্কে এতটুকু জ্ঞানও রাখেনা, যা আমাদের সাধারণ মাদরাসাগুলোতে অধ্যয়নরত ছাত্ররা জানে।”

আরবের বিশিষ্ট মুহাদ্দিস শায়খ মাহমুদ সাঈদ মামদূহ প্রণীত কিতাব এর মধ্যে লেখা আছে,

(সতর্ক হে মুসলিম! আলবানীর বাড়াবাড়ির জালে সহীহ মুসলিম) এর ২০৬ নং পৃষ্ঠায় লিখেন- আমি আলবানীর কাল্পনিক কর্মকান্ড ও ভুলক্রটির ফিরিস্তি অবগত হয়েছি। বিশেষ করে সহীহ হাদীসের কিতাব প্রসঙ্গে বাড়াবাড়ির বিষয়টি তার কর্মকান্ডের পরিচয়ের জন্য যথেষ্ট। উক্ত বইয়ের ২০৫ নং পৃষ্ঠায় তিনি লিখেন, আলবানী তার মতাদর্শের বিপরীত ব্যক্তিবর্গের সঙ্গে কেমন আচরণ করে, প্রসঙ্গত উল্লেখ করার প্রয়োজন মনে করি। আলবানী যখনি কাউকে তার প্রতিপক্ষ বা ভিন্ন মতাদর্শের মনে করেন, তখন দেখতে পাবেন, তিনি বইয়ের পর বই আর পৃষ্ঠার পর পৃষ্ঠা তাকে সমালোচনা করে লিখেই যাচ্ছেন । তার আক্রমনণের স্বরূপ হিসেবে দেখবেন তিনি প্রথিতযশা বিজ্ঞ উলামায়ে কিরাম ও মহামনিষীদের ধ্বংশ হওয়ার কামনা করেন, তাদেরকে মুশরিক, মিথ্যুক, প্রতারক, বিদআতী আখ্যায়িত করতে সামান্যতম কৃণ্ঠাবোধ করেন না। যুগশ্রেষ্ঠ ব্যক্তিগণকে আলবানী প্রতিপক্ষ মনে করলে, তাদেরকে কাফির, চক্রান্তকারী, দুষ্ট, মুনাফিক, পথভ্রষ্ট ইত্যাদি অপবাদ দিতে বিন্দুমাত্র দ্বিধা করেন না। এতে তার পাষাণ আত্মা তিলমাত্র কাঁপে না। তার ভয়ঙ্কর ন্যক্কারজনক কর্মকান্ডের শীর্ষ তালিকায় ইমাম আহমদ (রহ.) কেও বিদআতী বলে আখ্যায়িত করেছেন। এধরণের আচরণ তার দু’একটি ঘটনা নয়; বরং এসব বর্ণনা করে শেষ করার ওপারে। এভাবে মাসাইল বিষয়েও অনেক ক্ষেত্রে সমগ্র মুসলিম বিশ্বের ওলামায়ে কেরাম এমন কি সৌদী আরবের আলেমদেরকেও সে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছেন পদে পদে। তাদের অবহেলার সুযোগে শায়খ আলবানী মতানৈক্য বিভ্রান্তি ও উগ্রতার বীজ রোপে দিয়েছেন। তার আসল বাড়ী সিরিয়ার আলবেনিয়া নামক স্থানে। তার পিতা নূহ নাজাতী একজন আদর্শ মানব, হানাফী মাযহাবের শীর্ষ পর্যায়ের আলেম ছিলেন। ছেলের এধরনের আচরণে পিতার ধৈর্যের বাঁধ ভেঙ্গে তাকে ত্যাজ্যপুত্র হিসেবে ঘোষনা দিয়ে তিনি কোনোভাবে নাজাত লাভ করেন। আর জনগন আলবানীকে সিরিয়া থেকে বাহির করে। অতপর সে চেপে বসে সৌদী জনতার ঘাড়ে।

এক পর্যায়ে তাদের ঘুম ভাঙ্গে। সবাই সোচ্চার হয় তাদের দীর্ঘকালের শায়খ আলবানীর বিরুদ্ধে। ১৯৯১ খৃস্টাব্দে সরকারী নির্দেশে শায়খ ২৪ ঘন্টার মধ্যে পবিত্র আরবভূমি ছেড়ে জর্ডান যেয়ে আত্মরক্ষা পায় । অমরণ তিনি সেখানেই ছিলেন । কিন্তু বর্তমান ভারত, পাকিস্তান ও বাংলাদেশের কিছু লোক যারা মাজহাব বিরুধীতার আলবানীর এই ভ্রান্ত কিতাবাদি অনুবাদ করে মানুষের সঙ্গে যুদ্ধে নেমেছে। অথচ আলবানীর এসব বিচিত্র মতবাদের বিরুদ্ধে আরব থেকে শতাধিক বই পুস্তক রচনা হয়েছে।

ভিন্ন চিন্তা চেতনার অধিকারী আলবানী সাহেব কোন প্রতিষ্ঠানে বা কোন উস্তাদের নিকট পড়া লেখা করেন নাই, নিজস্ব গবেষনার মাধ্যমে সুন্দর বিন্নস্ত আকারে অনেক গবেষনা মূলক বই পুস্তক পাঠকবর্গকে উপহার দিয়েছেন । তাই এতে তিনি হাদীস যাচাই বাছাইয়ে হাদীস শাস্ত্রের বিজ্ঞ ব্যক্তিবর্গ ও তাদের প্রনীত মূলনীতির পরোয়া না করে নিজ মতাদর্শকে প্রাধান্য দেয়ার চেষ্টা করেছেন। একারণে বিচক্ষন উলামায়ে কেরামের নিকট হাদীসের মান নির্ধারনে আলবানী সাহেবের গবেষনায় অনেক ক্ষেত্রে মতবিরোধ হয়েছে, এমন কি হাদীস গবেষনার জগতের বিজ্ঞ উলামাগন আলবানী সাহেবের ভূলত্রুটি একত্র করে ৫০ টির অধিক পুস্তক রচনা করেছেন। তাম্মধ্যে, ১৷ তানাফুজাতে আলবানী- গ্রন্থকারঃ- হাসান ইবনে আলী আস সাক্কাফ, প্রকাশনায়ঃ-দারুল ইমাম বিন নবুবী- (উমাম- উর্দুন) এবং ২৷ তানবীহুল মুসলিম ইলা তাযাদ্দী আলবানী- গ্রন্থকারঃ- মাহমুদ সাইদ মামদুহ-প্রকাশনায়ঃ মাকতাবা-আল ইমাম শাফী- (রিয়াদ- সৌদী) বিষেশ ভাবে উল্লেখ যোগ্য।

আলবানী সাহেব অনেক সহীহ হাদীসকে যঈফ এবং যঈফ হাদীসকে সহীহ বলেছেন। প্রথমে আমরা দেখব নাসিরুদ্দিন আলবানী সাহেব কিভাবে সহীহ হাদিসকে যঈফ বলেছেন, তার উদাহরন : আবু হুরাইরা (রাঃ) সূত্রে বর্নিত রাসুল (সাঃ) বলেনঃ- যখন তোমাদের কেহ রাত্রিতে নামাযের জন্য দাড়ায়, তখন সে যেন সংক্ষিপ্ত ভাবে দুই রাকাতের মাধ্যেমে আপন নামাযকে শুরু করে। হাদীসটিকে ইমাম মুসলিম (রহঃ) স্বীয়গ্রন্থ সহীহ মুসলিম (১/৫৩২) পৃষ্টায় উল্লেখ করেন। এ ছাড়াও আল ইহসান ফি তাকরিবে সহীহ ইবনে হিববান-(৬/৩৪০) আল মুসনাদ লিল ইমাম আহমাদ ইবনে হাম্বল-(৯/১২৯) শরহুস সুন্নাহ লিল ইমাম বগবীতে (৪/১৭) উল্লেখ করা হয়েছে। হাদীসটিকে যুগ শ্রেষ্ট হাদীস গবেষকগন গবেষনার মাধ্যমে বিশুদ্ধ হাদীসের অন্তর্ভুক্ত

করেছেন। তম্মেধ্যে উল্লেখ যোগ্য, আল্লামা শুয়াইব আরনাউত (রহঃ) মুসনাদ লিল ইমাম আহমাদ (১৫/৯৮)- ইমাম বগবী (রহঃ) স্বীয় কিতাব শরহুস সুন্নাতে (৪/১৭) হামজা আহমাদ যাইন (রহঃ) মুসনাদ লিল ইমাম আহমাদে (৯/১২৯) বিশুদ্ধ হাদীস বলে ঘোষনা করেছেন। উল্লেখিত হাদীসটিকে আলবানী সাহেব স্বীয় কিতাব "যইফুজ জামে ও যিয়াদাহ" নামক গ্রন্থে (১/২১৩-) উল্লেখ করে বলেন, হাদীসটিকে ইমাম মুসলিম (রহঃ) এবং ইমাম আহমাদ (রহঃ) আবু হুরাইরা (রাঃ) এর সুত্রে বর্ণনা করেছেন। হাদীসটি (যঈফ) মর্জাদার দিক দিয়ে দুর্বল। এবার আমরা দেখব নাসিরুদ্দিন আলবানী সাহেব কিভাবে যঈফ হাদিসকে সহীহ বলেছেন, তার উদাহরন : হযরত উমায়ের ইবনে সাইদ (রাঃ) সূত্রে বর্ণিত হাদীস তিনি বলেন তোমরা মোয়াবিয়া (রাঃ) কে ভাল ভাবেই স্বরণ কর, কেন না আমি রাসুল (সাঃ) থেকে শুনেছি রাসুল (সাঃ) বলেছেন হে আল্লাহ তুমি মোয়াবিয়াকে হেদায়েত দাও। (সুনানে তিরমিজি-৫/৬৪৫) হাদীসটিকে আলবানী সাহেব সহীহ সাব্যস্হ করে স্বীয় কিতাব সহীহ সুনানে তিরমিজি (৩/২৩২) তে উল্লে করেছেন। অথচ হাদীসটির সূত্রের উপর গবেষনার দ্বারা দেখা যায় হাদীসটি মানগত ভাবে অত্যন্ত দুর্বল। সূত্রের একজন রাবী-আমর ইবনে ওকেদ ইনার ব্যাপারে উলামাদের বক্তব্য,

১। হাফেজ ইবনে হাজার (রহঃ) বলেন (মাতরুক) ইনি পরিত্যাজ্য। (তাকরিব-আত তাহজীব-৪২৮পৃঃ)

২। ইমাম বুখারি ও তিরমিজি (রহঃ) বলেন (মুনকারুল হাদীস) ইনি এমন রাবী যাদের হাদীস গ্রহন করা হয় না।

৩। আল্লামা মারওয়ান (রহঃ) বলেন (কাজ্জাব) মিথ্যাবাদী।

৪। ইমাম নাসায়ী, দারাকুতনী, এবং ইমাম বুবকানী (রহঃ) এনারা এই রাবীর ব্যাপারে একমত হয়ে বলে (মাতরুকুল হাদীস) ইনি এমন রাবী যাদের হাদীস পরিত্যাজ্য। (তাহজীবত তাহজীব (৮/৯৮)

সূত্রের রাবী আমর ইবনে ওকেদ সম্পর্কে উল্লেখিত ইমামদের বক্তব্যের দ্বারা একথা সুস্পষ্ট হল হাদীসটি কোন অর্থেই সহীহ হতে পারে না। এমন কি আলবানী সাহেব এই রাবীকে দুর্বল সাব্যস্ত করে ওনার কিতাব "জয়ীফা" তে (২/৩৪১) উল্লেখ করেছেন। স্বয়ং তিরমিজি

(রহঃ) উল্লেখিত হাদীসটি (যঈফ) দুর্বল হিসেবে ইংগীত করে স্বীয় কিতাব সুনানে তিরমিজিতে (৫/৬৪৫) বর্ণনার শেষে বলেন, আমর ইবনে ওকেদ দুর্বল রাবীদের অন্তর ভুক্ত।

আলবানী সাহেব একই রাবীকে কখনও সিকাহ বা গ্রহনযোগ্য এবং অন্যসময় যঈফ বা অগ্রহনযোগ্য বলেছেন। এ বিষয়টি ওনার গবেষনার জগতের ভূল ত্রুটির অন্যতম একটি অংশ। উদাহরন স্বরুপ একটি ঘটনা নিম্নে তুলে ধরা হল। আবু উমামা (রাঃ) এর সূত্রে বর্ণিত রাসুল (সাঃ) এরশাদ করেন তোমরা মুমিন ব্যক্তির অন্তদৃষ্টি থেকে বেঁচে থাক, কেননা সে আল্লাহ তা'লার নূরের দ্বারা দৃষ্টি করে থাকেন। (মুজামুল আওসাত-৩/৪৪৫)

উল্লেখিত হাদীসটির সূত্রের এক জন রাবী হলেন আবু সালেহ আব্দুল্লহ ইবনে- সালেহ। হাদীসটি আলবানী সাহেবের মতাদর্শের সাথে সাংঘর্ষিক হওয়ার কারনে তিনি আবু সালেহ আব্দুল্লাহ ইবনে সালেহকে দুর্বল আখ্যায়িত করে হাদীসটি অগ্রহনযোগ্য হিসাবে স্বীয় কিতাব "সিলসিলাতুল আহাদীস আজ যইফাতু মওযুয়া" (৪/২৯৯) তে উল্লেখ করেছেন। অথচ আবু সালেহ আব্দুল্লাহ ইবনে সালেহ-এই একই রাবীর মাধ্যমে ইমাম তিরমিজি (রহঃ) স্বীয় কিতাব সুনানে তিরমিজিতে ইবনে মুররা (রাঃ)এর সূত্রে হাদীস উল্লেখ করেছেন রাসুল (সাঃ) বলেন হুসাইন আমার থেকে আর আমি হুসাইনের থেকে-, যে ব্যক্তি হুসাইনকে ভালবাসে সে আল্লাহ তা'লাকে ভালবাসে। হুসাইন আমার পরবর্তি-বংশধর। সূনানে তিরমিজি-(৫/৬১৮) হাদীসটিকে আলবানী সাহেব সহীহ হিসাবে স্বীয় কিতাব সিলসিলাতুল আহাদিস আস সহীহা (৩/২২৯) তে উল্লেখ করেন। এবং বলেন হাদীসটির সনদ উৎকৃষ্ট মানের আবু আব্দুল্লাহ ইবনে সালেহ এর ব্যপারে দৃর্বলতার যেই কথা রয়েছে তাহা কোন ক্ষতিকারক নয়। উপরের উদাহরন দ্বারা আমরা বুঝতে পারলাম, একই রাবী আবু সালেহ আব্দুল্লাহ ইবনে সালেহকে আলবানী সাহেব কখনও দুর্বল আবার কখনও গ্রহনযোগ্য সাব্যস্ত করেছেন।

এই হল ইংরেজ বংশের নও মুসলিম খান্দানের আলবানী। হুযুর (সাঃ) এর কবর সরানোর ষড়যন্ত্রে লিপ্ত আলবানী, সহীহ মুসলিম শরীফের হাদীসের উপর আক্রমণকারী আলবানী, ইমাম বুখারী (রহঃ) কে অমুসলিম আখ্যায়িতকারী আলবানী, একাধিক আহলে সুন্নত ওয়াল জামাআতের মুহাদ্দিসদেরকে গালিগালাজকারী আলবানী, প্রথিতযশা বিজ্ঞ উলামায়ে

কিরাম ও মহামনিষীদের ধ্বংশ হওয়ার কামনাকারী আলবানী, তাদেরকে মুশরিক, মিথ্যুক, প্রতারক, বিদআতী আখ্যায়িতকারী আলবানী, প্রতিপক্ষকে কাফির, চক্রান্তকারী, দুষ্ট, মুনাফিক, পথভ্রষ্ট ইত্যাদি ফতোয়া প্রদানকারী আলবানী, ইমাম আহমদ (রহ.) কেও বিদআতী বলে আখ্যায়িতকারী আলবানী । সৌদী আরবের আলেমদেরকেও সে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে তাদের অবহেলার সুযোগে মতানৈক্য বিভ্রান্তি ও উগ্রতার বীজ রোপনকারী আলবানী, পিতার ত্যাজ্যপুত্র আলবানী, প্রথম দিকে সিরিয়া থেকে ও পরবর্তীকালে সৌদি আরব থেকে বিতাড়িত আলবানী, বেয়াদব আলবানী । হাজার মুহাদ্দিসদেরকে বুড়ো আঙ্গুল দেখিয়ে স্বতন্ত্র মতবাদ সৃষ্টিকারী আলবানী।

আর এই নাসীরুদ্দীন আলবানীর জন্যই আনওয়ারুল হক ফাইযী লিখেছেন,

"হ্যাঁ! আল্লামা নাসীরুদ্দীন আলবানী ১৪ শতাব্দী হিজরীর অন্যতম রিজালবিদ ছিলেন। নূহ নাজাতী হানাফী আলেমের প্রিয় পুত্র ছিলেন। ইমাম আবু হানীফার উস্তাদ হাম্মাদ বিন আবী সুলাইমান হতে অদ্যবধি হানাফী বংশে তাঁর ন্যায় মুহাদ্দিস জন্মগ্রহণ করেন নি বলেই আমরা বিশ্বাস করি। কিন্তু তিনি একজন মানুষ ছিলেন। তাঁর দ্বারাও ভূল হওয়া স্বাভাবিক।" (হানাফী কেল্লার পোষ্ট মর্টেম, পৃষ্ঠা-১৮)

ধন্য ফাইযী সাহেবে অন্ধভক্তি । আচ্ছা ফাইযী সাহেব বলুন তো আলবানী সাহেব কি ইমাম আবু হানীফার ছাত্র ইমাম ইয়াহইয়া ইবনে মায়ীন (রহঃ) যিনি ১০ লাখ হাদীসের হাফিয ছিলেন, ইয়াহইয়া বিন সায়ীদ আল কাত্তান, ইমাম আবু ইউসুফ, ইমাম মুহাম্মাদ, সুফিয়ান সাওরী, মাক্কী ইবনে ইবরাহীম, প্রভৃতিদের থেকেও বড় মুহাদ্দিস ছিলেন? ১০ লাখ হাদীসের হাফিয ইমাম ইয়াহইয়া ইবনে মায়ীন সম্পর্কে ইমাম আহমদ বিন হাম্বাল (রহঃ) বলেছেন, "যদি কোন হাদীস ইবনে মায়ীন না জানেন তাহলে জেনে নাও সেটা কোন হাদীসই নয় ।" আলবানী কি এর থেকেও বেশী হাদীস মুখস্ত রেখেছিলেন? সত্যিই আপনার বাঁদরামীতে আমরা হতবাক । শুনে রাখুন ফাইযী সাহেব! আপনি আলবানীকে যাই বিশ্বাস করুন তবে আমি বিশ্বাস করি নাসীরুদ্দীন আলবানীর মত কাজ্জাব যদি আগেকার যুগে জন্মগ্রহণ করত আর যদি তিনি কোন হাদীসের রাবী হতেন তাহলে নিঃসন্দেহে সেই হাদীস 'মওযু' (জাল) মনগড়া, বানানো, হাদীস

বলে তৎকালীন যুগের রিজালবিদরা সেই হাদীসকে আস্তাকুড়ে ছুঁড়ে ফেলে দিতেন। কেননা আলবানী থেকে শুরু করে আপনি পর্যন্ত পৃথিবীর যত লা মাযহাবী আছে সকলেই শিয়া (রাফেযী)। আর আহলে সুন্নত ওয়াল জামাআতের উসুল হল শিয়াদের হাদীস প্রত্যাখ্যানযোগ্য।

না তুম সদমে হমে দেতে, না ইয়ুঁ ফরিয়াদ হম করতে।
না খুলতে রাজব সরবস্তা, না ইয়ুঁ সুসওয়াইয়া হোতি।

আহলে হাদীসদের নিকট পূর্বযুগের মুহাদ্দিসদের তুলনায় আলবানীর গবেষণার মূল্য বেশী

আহলে হাদীসদের সেখ মনসুর আলী নামের আর একজন ব্যাক্তি 'শরীয়াতে মুহাম্মাদী (সাঃ)' নামে একখানি বিশাল ৬৪০ পৃষ্ঠার কিতাব লিখেছেন। বইটিতে প্রসংসামূলক অভিমত দিয়েছেন 'হানাফী কেল্লার পোষ্ট মর্টেম' এর সম্পাদক আব্দুল্লাহ সালাফী। তিনি অভিমতে লিখেছেন, "শরীয়াতে মুহাম্মাদী (সাঃ) নামক বইটা নিয়ে আদ্যপান্ত পাঠ করে আমি চরমভাবে উপকৃত।" তিনি এও বলেন বইটি জাতির পক্ষের দলীল দস্তাবেজ। সুতরাং বইটি আহলে হাদীসদের নিকট চরমভাবে গ্রহণযোগ্য। সেই 'শরীয়াতে মুহাম্মাদী (সাঃ)' কিতাবে সেখ মনসুর আলী নাসীরুদ্দীন আলবানীকে নিয়ে চরমভাবে বাড়াবাড়ি করেছেন। আনওয়ারুল হক ফাইযী তো লিখেছেন যে, "ইমাম আবু হানীফার উস্তাদ হাম্মাদ বিন আবী সুলাইমান হতে অদ্যবধি হানাফী বংশে তাঁর ন্যায় মুহাদ্দিস জন্মগ্রহণ করেন নি বলেই আমরা বিশ্বাস করি।" কিন্তু সেখ মনসুর আলী ভদ্রতার সমস্ত সীমা লঙ্ঘন করে আলবানী সম্পর্কে নিয়ে লিখেছেন,

"আবার তারা এটাও বলে যে, অমুক অমুক মুহাদ্দিস যে হাদীসকে সহীহ বলে গিয়েছেন আলবানী (রহঃ) এর একা যঈফ বলাকে আমি মানব না। তাদের ঐ কথার জবাব হল-পূর্বের মুহাদ্দিসরা গবেষণা করার জন্য কম্পিউটার ইন্টারনেট ও ল্যাপটপ পাননি, যা আলবানী (রহঃ) পেয়েছিলেন। তাই তাদের গবেষণার চাইতে আলবানীর গবেষণার মূল্য বেশী।" [শরীয়াতে মুহাম্মাদী (সাঃ), পৃষ্ঠা-১২৪]

দেখুন পূর্বযুগের মুহাদ্দিসদের সম্পর্কে কি চরম ধৃষ্টতামূলক বক্তব্য এবং তাদেরকে কি চরমভাবে অবমাননা করা হয়েছে। এ এমন এক বিভ্রান্তীকর উক্তি যা কোনদিনই মেনে নেওয়া সম্ভব নয়। এটা কোন সহীহ হাদীসে আছে যে কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ পেয়ে গেলে তার গবেষণার মূল্য বেড়ে যায়। আর কম্পিউটার, ইন্টারনেট, ল্যাপটপ প্রভৃতি সৃষ্টি করার জন্য যে জ্ঞান দরকার ছিল সেই জ্ঞান আল্লাহ বিজ্ঞানীদেরকে দিয়েছেন। কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ পেয়ে গেলে যদি হাদীস গবেষণার মূল্য বেড়ে যায় তাহলে আল্লাহ তৎকালীন যুগের বিজ্ঞানীদের দিয়ে কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ আবিস্কার করিয়ে নিতেন এবং তৎকালীন যুগের মুহাদ্দিসদের দ্বারা হাদীস গবেষণা করিয়ে নিতেন। আর সত্য কথা বলতে আলবানীর সময়েও কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপের এত ব্যাপক প্রচলন ছিল না যা আজকের যুগে প্রচলন রয়েছে। সুতরাং সেখ মনসুর আলী সাহেবের আলবানী সম্পর্কে এই বক্তব্য সম্পূর্ণ মিথ্যা কথা। আর কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ ব্যাবহার করলে যদি হাদীস গবেষণার মূল্য বেড়ে যায় তাহলে তারা আজ থেকে আমাকেও বড় মুহাদ্দিস মেনে নিক কেননা, আমি কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ ব্যাবহার করে থাকি। পারবে তারা এটা মানতে? কোনদিনই পারবে না। তাই কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ ব্যাবহারকারী আলবানীর গবেষণার উপর আমল করাও সম্ভব নয়।

আহলে হাদীসদের দাবী কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ ব্যাবহারকারী আলবানীর গবেষণার মূল্য পূর্বযুগের মুহাদ্দিসদের তুলনায় বেশী। এই তারা করলেও আলবানীর সব গবেষণা এই আনওয়ার ফাইযী, আব্দুল্লাহ সালাফী, মনসুর আলী প্রভৃতি লা মাযহাবীরা মানে না। যেমন, মনসুর আলী সাহেব নিজে তাঁর বইয়ে লিখেছেন, তারাবীহর নামায ১১ রাকআত। কিন্তু আলবানী তাঁর ‘সালাতুত তারাবীহ’ কিতাবে লিখেছেন, কেউ যদি এক রাকআত বিতের নামায পড়ে তাহলে তারাবীহ ও তাহাজ্জুদ সব নামায হয়ে যাবে। অর্থাৎ আলবানী সাহেবের নিকট বিতের, তারাবীহ ও তাহাজ্জুদের নামায একটাই নামায। আচ্ছা মনসুর আলী সাহেবরা আলবানীর এই গবেষনা মানেন? তাঁদের নিকট পুর্বযুগের মুহাদ্দিসের তুলনায় আলবানী সাহেবের গবেষণার মূল্য বেশী। দেখি কবে থেকে এই লা মাযহাবীরা আলবানী সাহেবের মতো তারাবীহ, তাহাজ্জুদ ও বিতের নামাযকে একটাই নামায বলে ফতোয়া দেন।

অপরদিকে আমরা হানাফীরা নামাযে বার বার রফয়ে ইয়াদাইন না করার জন্য দলীল স্বরুপ হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) এর বর্ণিত যে হাদীসটাকে পেশ করি সেটাকে আলবানী সাহেব সহীহ বলেছেন। আলবানী লিখেছেন, "হক কথা এটাই যে, এটা সহীহ হাদীস; এর সনদ ইমাম মুসলিমের শর্তমাফিক হাদীস। যারা এই মা'লুল (রোগাগ্রস্ত বা দুর্বল বলেছেন, আমরা তাদের পক্ষ থেকে এমন কোন গ্রহনযোগ্য দলীল পাইনি, যার ভিত্তিতে এতা প্রত্যাখ্যান করা যেতে পারেন।" (তাখরীজে মিশকাত, খন্ড- ১, পৃষ্ঠা- ২৫৪)

দেখি আনওয়ারুল হক ফাইযী, আব্দুল্লাহ সালাফী, মনসুর আলী সাহেব প্রভৃতিরা কবে থেকে নামাযে বার বার রফয়ে ইয়াদাইন না করার স্বপক্ষে ফতোয়া প্রদান করেন, কেননা, তাঁদের নিকট অন্যান্য মুহাদ্দিসের তুলনায় আলবানীর গবেষণার মূল্য বেশী। আর আলবানী সাহেবই গবেষণা করে বলেছেন যে রফয়ে ইয়াদাইন না করার হাদীস সহীহ।

অপরদিকে আলবানী সাহেব তাঁর 'সিফাতু সালাতিন নবী' কিতাবের ৯৮ ও ৯৯ পৃষ্ঠায় লিখেছেন যে, যেসব নামাযে জোরে কিরআত পড়া হয় সেই নামাযে ইমামের পিছনে সূরা ফাতেহা পড়ার প্রয়োজন নাই। দেখি আনওয়ারুল হক ফাইযী, আব্দুল্লাহ সালাফী, মনসুর আলী সাহেব প্রভৃতিরা কবে থেকে নামাযে ইমামের পিছনে ফাতেহা না পড়ার ফতোয়া প্রদান করেন। কারণ আলবানী সাহেব সরব নামাযে ইমামের পিছনে সুরা ফাতেহা পড়াকে মানা করেছেন। আর তাঁদের নিকট অন্যান্য মুহাদ্দিসের তুলনায় আলবানীর গবেষণার মূল্য বেশী। দেখি আনওয়ারুল হক ফাইযী, আব্দুল্লাহ সালাফী, মনসুর আলী সাহেব প্রভৃতিরা কবে থেকে আলবানী সাহেবের উপরিউক্ত গবেষণার উপর আমল করা শুরু করেন? কারণ তাঁদের নিকট অন্যান্য মুহাদ্দিসের তুলনায় আলবানীর গবেষণার মূল্য বেশী। তাঁরা যদি নিজেদের দাবীতে সত্যবাদী হন তাহলে শীঘ্রই নিজেদের পূর্ব আমল ছেড়ে দিয়ে এক রাকআত বিতের পড়ে ঘুমিয়ে যাবেন এবং রফয়ে ইয়াদাইন করা ছেড়ে দিবেন এবং সরব নামাযে ইমামের পিছনে সুরা ফাতেহা পড়া বন্ধ করে দিবেন। তাঁরা যদি তা না করেন তাহলে আমরা বুঝব তাঁরা নিজেদের দাবীতে সত্যবাদী নন এবং তাঁরা চরম মিথ্যাবাদী।

সেখ মনসুর আলী সাহেব হানাফীদেরকে আক্রমণ করে লিখেছেন,

“তারা নাসীরুদ্দীন আলবানী (রহঃ) এর গবেষণাকে ভূল প্রমাণিত করার জন্যে নিজেদের বিবেক ও জ্ঞান হারিয়ে সহীহ বুখারী ও মুসলিমের হাদীসকেও যঈফ বলে বেড়াচ্ছে। অথচ তারা বিশ্বমুসলিমদের সমস্ত মুহাদ্দিস উক্ত দুই গ্রন্থকে নিঃসন্দেহে সহীহ বলেছেন। আর ভারতরত্ন মুহাদ্দিস শাহ ওয়ালীউল্লাহ দেহলভী (রহঃ) বলে গেছেন যে সহীহ বুখারী ও সহীহ মুসলিমের সহীহাইন হাদীসকে যারা মানে না তারা বিদআতী এবং তারা মুসলমানদের বিরোধী পথের পথিক। (হুজ্জাতুল্লাহিল বালেগাহ-২২৮ পৃষ্ঠা)” [শরীয়াতে মুহাম্মাদী (সাঃ), পৃষ্ঠা-১২৪)]

সঠিক কথাই বলেছেন সেখ মনসুর আলী সাহেব যে শাহ ওয়ালীউল্লাহ দেহলবী (রহঃ) বলেছেন যে সহীহ বুখারী ও সহীহ মুসলিমের সহীহাইন হাদীসকে যারা মানে না তারা বিদআতী এবং তারা মুসলমানদের বিরোধী পথের পথিক। এখন আমি প্রমাণ করব আপনাদের তথাকথিত আল্লামা নাসীরুদ্দীন আলবানী ও আনওয়ারুল হক ফাইযী বিদআতী এবং তারা মুসলমানদের বিরোধী পথের পথিক। কারণ আলবানী সাহেব সহীহ মুসলিম শরীফের বেশ কয়েকটি হাদীসের উপর হামলা করেছেন এবং সেগুলিকে যয়ীফ বলে প্রত্যাখ্যান করেছেন। এই কথা আমি বলিনি লা মাযহাবীদের বিখ্যাত মুনাযির (আসামের মুনাযারায় পলায়নকারী) আনওয়ারুল হক ফাইযী ‘হানাফী কেল্লার পোষ্ট মর্টেম’ এ মুসলিম শরীফের ১৯৬৩ নম্বর হাদীসটিকে আলবানীর হাওয়ালা দিয়ে যয়ীফ বলেছেন। আনওয়ার ফাইযী লিখেছেন,

“আল্লামা নাসিরুদ্দীন আলবানী সহীহ মুসলিমের ১৯৬৩ নং হাদীসটিকে যঈফ বলেছেন। এতদসত্ত্বেও যে, তার পূর্বে কেউ এটাকে যঈফ বলেন নি; বরং তিনিও প্রথমে সহীহ বলেছিলেন। অতঃপর নিজের মত প্রত্যাবর্তন করে যঈফ বলেছেন।” (পৃষ্ঠা-২০০)

তাহলে দেখুন কারা নিজেদের বিবেক ও জ্ঞান হারিয়ে সহীহ বুখারী ও মুসলিমের হাদীসকেও যয়ীফ বলে বেড়াচ্ছে। মনসুর আলী সাহেব লিখেছেন যে, শাহ ওয়ালীউল্লাহ দেহলভী (রহঃ) বলেছেন, সহীহ বুখারী ও সহীহ মুসলিমের সহীহাইন হাদীসকে যারা মানে না তারা বিদআতী এবং তারা মুসলমানদের বিরোধী পথের পথিক। (হুজ্জাতুল্লাহিল বালেগাহ-২২৮ পৃষ্ঠা)

তাহলে নাসীরুদ্দীন আলবানী থেকে শুরু করে আনওয়ারুল হক ফাইযী সকল লা মাযহাবীরা বিদআতী সাব্যস্ত হল কিনা? আর রাসুল (সাঃ) বলেছেন, ‘‘কুল্লু বিদআতিন যালালাহ ওয়া কুল্লু যালালাতিন ফন নার।’’ অর্থাৎ প্রত্যেক বিদআতই হল ভ্রষ্টতা এবং প্রত্যেক ভ্রষ্টতার পরিণাম হল জাহান্নাম। (আল হাদীস)

তাহলে এই লা মাযহাবীরা বিদআতী ও জাহান্নামী হলেন কিনা?

এখানে আর একটি লক্ষনীয় বিষয় হল যে আনওয়ারুল হক ফাইযী স্বীকার করেছেন যে নাসীরুদ্দীন আলবানীর পূর্বে কেউ মুসলিম শরীফের ১৯৬৩ নং হাদীসকে যয়ীফ বলেন নি। আলবানী একা ঐ হাদীসকে যয়ীফ বলেছেন। আর সমস্ত আহলে হাদীস আলবানীর ঐ গবেষণার তকলীদ করে সকলেই বিদআতী হয়েছেন, কেননা, আলবানী সাহেব গবেষণা করার জন্য কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ পেয়েছিলেন। আর আহলে হাদীসদের নিকট পূর্ব যুগের মুহাদ্দিসদের গবেসষণার চাইতে আলবানীর গবেষণার মূল্য বেশী। আর তারা বিদআতী হবেনই বা না কেন? কম্পিউটার, ইন্টারনেট ও লেপটপ নিয়ে গবেষণা করলে বিদআতী হবে না তো কি সুন্নী হবে?

দিল জ্বলো সে পালা পড়া তো ফালাক কো কাম নেহি।
জ্বালা কর রাখ না করদেঁ তো দেওবন্দী নাম নেহি॥

মনসুর আলী সাহেবের এই ধৃষ্টতা কেন?

এবার আমরা দেখব সেখ মনসুর আলী সাহেব কেন বললেন যে পূর্বযুগের মুহাদ্দিসদের গবেসষণার চাইতে আলবানীর গবেষণার মূল্য বেশী। আসলে আগেরকার যুগের সমস্ত মুহাদ্দিস ছিলেন মুকাল্লিদ এবং মাযহাব অবলম্বী। যেমন, আহলে হাদীসদের নিকট নবাব সিদ্দিক হাসান খান ভূপালী স্বীয় কিতাব ‘আল হিত্তাহ ফি যিকরে সিহাহ সিত্তাহ’ কিতাবে পূর্বযুগের মুহাদ্দিসদের মাযহাবের তালিকা দিয়েছেন। তাতে লেখা আছে,

ক্রমিক	ইমাম ও মাযহাবের নাম	পৃষ্ঠা
১	ইমাম বুখারী (রহঃ) শাফেয়ী মাযহাবের মুকাল্লিদ	২৮১
২	ইমাম মুসলিম (রহঃ) শাফেয়ী মাযহাবের মুকাল্লিদ	২২৮
৩	ইমাম নাসাঈ (রহঃ) শাফেয়ী মাযহাবের মুকাল্লিদ	২৯৩
৪	ইমাম আবু দাউদ (রহঃ) হাম্বালী মাযহাবের মুকাল্লিদ কেউ কেউ বলেছেন তিনি শাফেয়ী ছিলেন	২৮৮
